গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।
web: www.dgfood.gov.bd
http://food.chittagong.gov.bd

# কোটেশন বিজ্ঞপ্তি

সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ০৮/১০/২০২৪ খ্রিঃ তারিখের ১২৬৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী চট্টগ্রাম জেলাধীন দেওয়ানহাট ও হালিশহর সিএসডিতে ০৩ মাসের জন্য তরল কীটনাশক ক্রয়ের নিমিত্ত নিম্নোক্ত শর্তাদি পূরণ স্বাপেক্ষে আগ্রহী ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার প্যাডে সীলমোহরযুক্ত কোটেশন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | কীটনাশকের নাম | বিনির্দেশ | পরিমাণ | প্রস্তাবিত দর | |
|---|---|---|---|---|---|
| | | | | একক দর (প্রতি লিটার) | মোট দর |
| ১। | ফেনিট্রথিয়ন ৫০ ইসি/ একটেলিক ৫০ ইসি | উন্নতমানের | ৪০০ লিটার | | |
| | | | | | মোট- |

## শর্তাবলী

১। সীলমোহরযুক্ত কোটেশন আগামী ২৬/১১/২০২৪খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত অত্র কার্যালয়ে রক্ষিত কোটেশন বাক্সে গ্রহণ করা হবে এবং একইদিন বেলা ৩.০০ ঘটিকায় কোটেশন বক্স উপস্থিত কোটেশন দাতা/ তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে খোলা হবে।
২। কোটেশন দাতা অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ের হিসাব শাখায় যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় তথ্যাদি জানতে পারবেন।
৩। কোটেশন দাতাদেরকে নিজস্ব লেটার প্যাডে কোটেশন দাখিল করতে হবে।
৪। কোটেশন সীলগালাযুক্ত খামে অবশ্যই আগামী ২৬/১১/২০২৪খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত কোটেশন বাক্সে জমা দিতে হবে। উল্লিখিত সময়ের পর প্রাপ্ত কোটেশন বাতিল বলে গণ্য হবে।
৫। কাটা-ছিড়া, ঘষামাজা ও উপরিলিখন কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৬। কোটেশন দাতা কর্তৃক উদ্ধৃত দর অংকে ও কথায় সুস্পষ্টভাবে লিখতে হবে।
৭। কোটেশনের সাথে কোটেশনদাতার পাসপোর্ট সাইজের ১ কপি ছবি, জাতীয় পরিচয়পত্র, হালনাগাদকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৮। কোটেশনদাতা খামের উপরিভাগে স্পষ্টাক্ষরে "তরল কীটনাশক সরবরাহের কোটেশন" কথাটি লিখবেন। খামের বাম পাশে কোটেশন দাতার পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ করবেন।
৯। নির্বাচিত সর্বনিম্ন কোটেশন দাতাকে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।
১০। কোটেশনের সাথে কোটেশনদাতা কর্তৃক উদ্ধৃত মোট মূল্যের ১০% হারে বায়নার টাকা বাবদ যে কোন সিডিউল ব্যাংক হতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রামের অনুকূলে পে-অর্ডার আকারে জমা দিতে হবে।
১১। সরবরাহতব্য তরল কীটনাশক বিনির্দেশ সম্মত হতে হবে এবং কোনক্রমেই মেয়াদোত্তীর্ণ তরল কীটনাশক সরবরাহ করা যাবে না।
১২। সর্বনিম্ন কোটেশনদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে বর্ণিত তরল কীটনাশক সরবরাহ করতে হবে।
১৩। সর্বনিম্ন কোটেশনদাতাকে তরল কীটনাশক সরবরাহের পর ২ কপি (মূল কপি) বিল জমা দিতে হবে।
১৪। এই কোটেশন বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dgfood.gov.bd ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রামের ওয়েব পোর্টাল http://food.chittagong.gov.bd এ পাওয়া যাবে।
১৫। নিম্নস্বাক্ষরকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল কোটেশন গ্রহণ, বাতিল এবং প্রয়োজনে একাধিকবার কোটেশন আহবান করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ-
(সুমাইয়া নাজনীন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
চট্টগ্রাম।
ফোন নং- ০২৩৩৩৩৬৫২১৯
ই-মেইল: dcfctg@gmail.com

তারিখঃ- ১৯/১১/২০২৪

স্মারক নং-১৩.০১.১৫০০.০০৭.৪৩.০০৭.২৪- ৫৪২৭
অনুলিপিঃ- সদয় অবগতি/ অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (কোটেশন বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৮। সহকারী খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), চট্টগ্রাম।
১০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১১। মেসার্স / জনাব ..........................................................................।

১৯/১১/২০২৪
জেলা খাদ্য নিয়ন্ত্রক
চট্টগ্রাম